দৈনিক ইত্তেফাক

তারিখ 21 NOV 1998
পৃষ্ঠা ১০ কলাম ৫

# বিজনেস এডুকেশন-এর বিভাগীয় সম্মেলন অনুষ্ঠিত

চট্টগ্রাম অফিস ।। বিজনেস এডুকেশন ডেভেলপমেন্ট এসোসিয়েশন (বিডা)-এর চট্টগ্রাম বিভাগীয় সম্মেলনে অভিমত ব্যক্ত করিয়া বক্তারা বলেন, যথাযথ সরকারী সহায়তা পাইলে নট্রামস অনুমোদিত কম্পিউটার প্রতিষ্ঠানগুলি দেশের মানব সম্পদ উন্নয়নে ও দক্ষ জনশক্তি গড়ে তোলায় আরো জোরালো ও অগ্রণী ভূমিকা রাখিতে পারিবে। বর্তমানে নট্রামস অনুমোদিত ও অন্যান্য বেসরকারী প্রশিক্ষণ ইনষ্টিটিউটগুলি সম্পূর্ণ নিজস্ব উদ্যোগেই বিজনেস এডুকেশন ও কারিগরি শিক্ষা প্রদানের মাধ্যমে দেশের জনশক্তির প্রায় ৪০ শতাংশ যোগান দিতেছে বলিয়া তাঁহারা উল্লেখ করেন।

সম্প্রতি জামাল খান রোডস্থ শিক্ষা ও সংস্কৃতি চর্চাকেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত এ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন এসোসিয়েশনের কেন্দ্রীয় আহ্বায়ক এম, এ, সাত্তার ও বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় নেতা এম, এ, রহিম, লোকমান হোসেন, ডাঃ সিরাজুল ইসলাম ভুঁইয়া, খোদেজা বেগম ও সাইফুল ইসলাম। কম্পিউটার ওয়ার্ল্ডের পরিচালক মোহাম্মদ আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইনষ্টিটিউট অব কম্পিউটার ষ্টাডিস-এর পরিচালক এ কে আল-আজাদ দীপু, নুসরাত কম্পিউটার একাডেমীর পরিচালক এনাম এলাহী, জাতীয় যুব উন্নয়ন কর্মসূচীর কানুরাম শর্মা প্রমুখ।